

ফাতওয়া নান্বার: ১৮

তারিখ: ০৮-০৫-২০২০ ইংরেজি

## বিদ্যানন্দ ফাউন্ডেশনে যাকাত দেওয়া যাবে কি না?

### প্রশ্ন:

আসসালামু আলাইকুম, আমার একটা প্রশ্ন ছিল। একটু জরুরি। আমার অফিসের কলিগ। তিনি যাকাত দেবেন। এখন বিদ্যানন্দ ফাউন্ডেশনে যাকাত দেওয়া যাবে কি না, তা জানতে চেয়েছেন। অনুগ্রহ করে জানালে উপকৃত হতাম। একটু জরুরি।

-তামিমুর ইসলাম

### উত্তর:

ওয়ালাইকুমুস সালাম ওয়ারাহমানাতুল্লাহি ওয়াবাবাকাতুহ

প্রিয় ভাই! বিদ্যানন্দ ফাউন্ডেশন হয়তো মানবসেবার মতো কিছু ভাল কাজ করে। এতে কোনো আপত্তি নেই। বরং ভালো কাজ যেই করবে, যতোটুকু করবে তাকে ততোটুকু সমর্থন করা উচিত।

কিন্তু এখানে কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয় আপনার চিন্তা করা দরকার :

এক. বাংলাদেশে যত এনজিও সংস্থা আছে, হাতে গোনা দুই-চারটা ইসলামি এনজিও ব্যতীত; কেউই শরিয়াহসম্মতভাবে পরিচালিত হয় না; বরং এ দেশে ইসলামি এনজিওগুলোকেও শরিয়াহসম্মতভাবে চলতে দেওয়া হয় না। শরিয়াহসম্মতভাবে চলার চেষ্টা করলে তাদেরকে বিভিন্নভাবে কোণঠাসা করে রাখার চেষ্টা করা হয়; এমনকি তাদের কার্যক্রম বন্ধও করে দেয়া হয়। অনেক কাঠখড় পুড়িয়ে তারা হয়তো কোনোরকম চলার চেষ্টা করে যান।

দুই. ইসলামি এনজিওগুলো ব্যতীত প্রায় সকল এনজিওই ইসলামবিদ্বেষ লালন করে, তা প্রচার করে এবং ইসলামের বিরুদ্ধে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে কাজ করে। বিশেষ করে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে এনজিওগুলোর কোনোটিই হয়তো এর ব্যতিক্রম নয়। এই ধরণের এনজিওগুলোর অধিকাংশ বিভিন্ন ইসলামবিরোধি এজেন্ডা নিয়ে সূক্ষ্মভাবে কাজ করে। তারা ইসলামের সাথে সাংঘর্ষিক বিভিন্ন বিষয়ে সাধারণ মানুষের মধ্যে প্রচার করে।

তিন. যাকাত সাধারণ কোনো দান নয়। যাকাতের সুনির্দিষ্ট কিছু মাসআলা আছে। সুনির্দিষ্ট খাত আছে। সাধারণ দান যেভাবেই করবেন, সহিহ হয়ে যাবে। কিন্তু যাকাত যথাযথ মাসআলা অনুযায়ী যথাযোগ্য খাতে ব্যয় না করলে, আপনার অর্থ খরচ হবে, কিন্তু যাকাত আদায় হবে না। উল্টো আপনি গোনাহগার হবেন।

চার. আজকাল মানুষের ঈমান, আমল ও সততা এতটাই বিপর্যস্ত যে, অনেক ধর্মীয় প্রতিষ্ঠানেরও অর্থনৈতিক স্বচ্ছতার ওপর আমরা আস্থা রাখতে পারছি না। বিশেষ করে যাকাতের অর্থ অনেক প্রতিষ্ঠানই শরিয়তের বিধি মোতাবেক খরচ করে না বলে অভিযোগ রয়েছে।

পাঁচ. বিদ্যানন্দ ফাউন্ডেশন সম্পর্কে আমরা যতটুকু জানি, তা একজন হিন্দু ব্যক্তি কিশোর কুমার কর্তৃক প্রতিষ্ঠিত ও পরিচালিত। এছাড়া প্রতিষ্ঠানটি সেকুলার তথা ধর্মনিরপেক্ষ আদর্শের একটি প্রতিষ্ঠান। তাদের শরিয়াহ অনুযায়ী চলার এবং আপনার প্রদত্ত যাকাত শরিয়াহসম্মত খাতে খরচ করার প্রশ্নই আসে না। সুতরাং তাদেরকে যাকাত দিলে, আপনার যাকাত আদায় হবে কীভাবে?

হ্যাঁ, তাদের সম্পর্কে বিস্তারিত তথ্যের আলোকে, আপনি যদি নিশ্চিত হতে পারেন, তারা ইসলামবিদ্বেষের কোনো কাজ করে না, শুধু মানবসেবার কাজই করে, তাহলে আপনি মানবসেবায় অংশগ্রহণের উদ্দেশ্যে সাধারণ কোনো দান তাদের ফাউন্ডেশনে প্রদান করলে, শরিয়্যাহ আপনাকে বাধা দেবে না।

হয়. তবে আমরা মুসলিমরা এত দুর্দশাগ্রস্থ হয়ে গেলাম কেন যে, আমাদেরকে আল্লাহ অনুগ্রহ করে যে সম্পদ দান করলেন, তার সামান্য অংশ আল্লাহর পথে খরচ করার জন্য একজন অমুসলিমকেই প্রতিনিধি বানাতে হবে? যেখানে পৃথিবীতে অমুসলিমদের অত্যাচারে আমার লক্ষ লক্ষ মুসলিম ভাই-বোন, নিজেদের ভিটেমাটি থেকেও বহিস্কৃত হয়ে ওদের শরণার্থী শিবিরে ভিখারীর জীবন যাপন করছে, লাখো লাখো মুসলিম শিশু অর্ধাহারে-আনাহারে খুঁকে খুঁকে মৃত্যু বরণ করছে, সেখানে এই সামান্য একটু উদ্বৃত্ত অর্থ খরচ করার জন্য, সেই অমুসলিমকেই প্রতিনিধি বানাতে হবে? আমি কি পারি না, একটু কষ্ট করে আমার অনাহারী ভাইটিকে খুঁজে তার মুখে এক লোকমা আহার তুলে দিতে? একটু চিন্তা করা দরকার, কাল কেয়ামতের ময়দানে আমরা আল্লাহর কাছে কী জবাব দেবো?

সাত. সুতরাং সম্ভব হলে বিনয়ের সঙ্গে নিজ হাতে যাকাতের হকদার এমন কোনো গরীবের হাতে যাকাত পৌঁছে দিন, যিনি তার প্রয়োজনীয় সামগ্রী বাদ দিয়ে সাড়ে সাত ভরি স্বর্ণ বা সাড়ে বায়ান্ন ভরি রূপা কিংবা সাড়ে বায়ান্ন ভরি রূপা সমমূল্যের অন্য কোনো সম্পদের মালিক নন। যদি নিজে না পারেন, এমন কোনো দীনদার মুত্তাকি ব্যক্তিকে প্রতিনিধি বানান, যিনি বিশ্বস্ততার সঙ্গে আপনার এই দায়িত্ব আদায় করবেন।

আট. যদি এমন গরীব ব্যক্তি এতিম হন, আপনার কোনো আত্মীয় হন (পিতা-মাতা বা তাদের উর্ধ্বতন এবং স্ত্রী-সন্তান বা তাদের অধঃস্তন বাদ দিয়ে), কিংবা তালিবে ইলম হন, অথবা আল্লাহর পথের মুজাহিদ হন, তাহলে সবচেয়ে উত্তম। তাতে আপনি দ্বিগুণ সওয়াব লাভ করবেন ইনশাআল্লাহ।

فقط. والله تعالى اعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (গুফিরা লাছ)

১৪ রমজান, ১৪৪১ হি.

০৮ মে, ২০২০ ঈ.



اللجنة الشرعية للدعوة والنصرة  
উচ্চতর ইসলামী আইন গবেষণা বিভাগ